

শ্রেণি : সপ্তম
বিষয় : বাংলা (বহুনির্বাচনী)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান-৩০

(বিহীন সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্ত সমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১)

- ১। রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলা মৃত্যু তারিখ কোনটি?
ক) ১২ই শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ
খ) ২৫এ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ
গ) ৩০এ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ
ঘ) ২২এ শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ
- ⇒ নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :
মাহাদির বয়স ছয় বছর। বছরের শুরুতে সে প্রথম শ্রেণিতে ভর্তি হয়েছে। বিদ্যালয়ের শিক্ষকদের সে ভয় পায়। কিছুদিন বিদ্যালয়ে যাওয়ার পর শিক্ষকদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠে তার।
- ২। উদ্দীপকের মাহাদি কাবুলাওয়ালা গল্পে কার প্রতিনিধিত্ব করে?
ক) মিনির দিদির খ) মিনির দাদার
গ) মিনির ঘ) লখার
- ৩। প্রতিনিধিত্বের কারণ-
i) অপরিচিত কাউকে দেখে ভয় পায়
ii) মাহাদির বয়স ছয় বছর
iii) মাহাদি স্কুলে পড়াশুনা করে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii
- ৪। কাবুলিওয়ালা মিনির জন্য মেওয়া নিয়ে আসে কেন?
ক) মিনি ছোট মেয়ে বলে খ) মিনির বিয়ে হবে বলে
গ) নিজের কন্যার কথা স্মরণ করে ঘ) মিনি সুন্দর কথা বলে
- ৫। লখা কেন চুপিচুপি পা ফেলে খোঁয়া খোঁয়া কুয়াশার মধ্যে হারিয়ে যায়?
ক) মিছিলে যাওয়ার জন্য খ) ফুল সংগ্রহ করবে বলে
গ) ঐটোপাত চাটবে বলে ঘ) ছেঁড়া কাগজ কুড়োনের জন্য
- ৬। প্রভাতফেরিতে যে গানটি গাওয়া হয় তার রচয়িতা কে?
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) আবুবকর সিদ্দিক
গ) আবদুল গাফফার চৌধুরী ঘ) আলতাফ মাহমুদ
- ৭। “লখার রাতের বিছানা ফুটপাতের কঠিন শান।”-বাক্যটিতে মূলত প্রকাশিত হয়েছে লখার -
ক) নিরক্ষরতা খ) মূর্খতা
গ) দারিদ্রতা ঘ) পিতৃহীনতা
- ৮। লখার বাইরের আঁ আঁ আঁ আঁ ধ্বনি তার অন্তরের কোন দিকটির পরিচয়বাহী?
ক) মাতৃভক্তি খ) সংগীতপ্রীতি
গ) মাতৃভাষাপ্রীতি ঘ) বন্ধুবাৎসল্য
- ৯। ‘কুলি-মজুর’ কবিতায় শ্রমজীবীদের কাদের সাথে তুলনা করা হয়েছে?
ক) দুর্বল ব্যক্তিদের সাথে খ) সুবিধাভোগীদের সাথে
গ) দখীচি মুনির সাথে ঘ) রেলশ্রমিকের সাথে
- ১০। কবির চোখ ফেটে যে কারণে জল চলে আসে -
i) সহানুভূতিতে
ii) অপমানবোধে
iii) অত্যাচারিত হতে দেখে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ঘ) ii ও iii
- ১১। ব্রিটিশবিরোধী স্বাধীনতা সংগ্রামের অন্যতম অগ্রসেনা কে?
ক) কাজী নজরুল ইসলাম খ) মাইকেল মধুসূদন দত্ত
গ) রণেশ দাশগুপ্ত ঘ) নারায়ণ গঙ্গোপাধ্যায়
- ১২। ‘কুলি-মজুর কবিতা থেকে আমাদের শিক্ষণীয় বিষয়-
ক) সংগ্রামী চেতনাকে জাগ্রত করা
খ) শ্রমজীবীদের সম্মান করা
গ) কর্মময় জীবন গড়ে তোলা
ঘ) প্রাণচঞ্চল সমাজ নির্মাণ করা
- ⇒ নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শীষের উপরে
একটি শিশির বিন্দু।
- ১৩। উদ্দীপকের সঙ্গে ‘নতুন দেশ’ কবিতার কোন দিকটি সাদৃশ্যপূর্ণ?
ক) সীমাহীন কৌতূহল খ) প্রকৃতির রহস্য
গ) অজানাকে জানা ঘ) অপার আকাঙ্ক্ষা
- ১৪। উক্ত দিকটি ‘নতুন দেশ’ কবিতার কোন অংশে প্রতিফলিত হয়েছে ?
ক) জানি না কোন দেশে/পৌঁছে যাব শেষে
খ) থাকি ঘরের কোণে/সাধ জাগে মোর মনে
গ) পাহাড়-চূড়া সাজে/নীল আকাশের মাঝে
ঘ) দূর সাগরের পারে/জলের ধারে ধারে
- ১৫। বাবা কোথায় যায়?
ক) নতুন দেশে খ) হাট-বাজারে
গ) আপিসে ঘ) মাঠে
- ১৬। ‘নতুন দেশ’ কবিতায় ভাঁটার টানে চলে-
i) ঢেউ ii) নৌকা iii) হাঁস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ১৭। নিচের কোনটি বাগ্যন্ত্রের অংশ নয় ?
ক) নাসিকা খ) জিহ্বা
গ) কর্ণ ঘ) কণ্ঠ

